মেহেরপুরে মশক নিধন কার্যক্রম শুরু

মেহেরপুর পৌরসভার উদ্যোগে মশা নিধন কর্মসূচি পালন করা হয়েছে হয়েছে৷

মঙ্গলবার দিনব্যাপী ফোগার মেশিনের সাহায্যে শহরের প্রধান প্রধান সড়কের ড্রেনে মশা নিধন ওষুধ স্প্রে করা হয়৷

পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন মশা নিধন কর্মসূচির উদ্বোধন করেন।

ডেঙ্গু প্রতিরোধের আগে থেকেই সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে পোর সভা থেকে।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহের নবগঙ্গা নদীর অবৈধ স্থাপনা উচ্ছেদ শুরু

ঝিনাইদহ শহরের পাশ দিয়ে বয়ে যাওয়া নবগঙ্গা নদী তীরের অবৈধ ভাব গড়ে ওঠা স্থাপনা উচ্ছেদ অভিযান শুরু হয়েছে।

মঙ্গলবার সকালে শহরের চাকলাপাড়ায় এ উচ্ছেদ অভিযানের উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। এসময় অতিরিক্তি জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজাসহ পানি উন্নয়ন বোর্ডের

কর্মকর্তারা উপস্থিত ছিলেন। জেলা প্রশাসন ও পানি উন্নয়ন বোর্ডের যৌথ উদ্যোগে সকালে মহিষাকুন্ডু ব্রীজ এলাকা থেকে এ অভিযান শুরু হয়। এসময় গুড়িয়ে
দেওয়া হয় নদী পাড়ের অবৈধ টিন, আধা-পাকা ও দ্বিতল ভবন। এর আগে মহিষাকুন্ডু ব্রীজ এলাকা পবহাটি ব্রিজ পর্যন্ত ৭৩টি অবৈধ স্থাপনা

চিহ্নিত করে নোটিশ দেয় পান্নি উন্নয়ন বোর্ড। স্বেচ্ছায় স্থাপনা সরিয়ে না নেওয়ায় আজ উচ্ছেদ অভিযান চলছে।

এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, নদীর জরিপ কাজ
সম্পন্ন করে সীমানা চিহ্নিতকরণ ও অবৈধ দখলদারদের তালিকা প্রনয়ণ করে তাদের অবৈধ স্থাপনা স্বেচ্ছায় সড়িয়ে নিতে নোটিশ দেওয়া হয়েছিল। অনেকে স্বেচ্ছায় সড়িয়ে নিয়েছে। যার স্থাপনা সরাননি সেইগুলো উচ্ছেদ শুরু হয়েছে। উচ্ছেদ শেষ না হওয়া পর্যন্ত এ অভিযান চলবে বলেও জানান তিনি।

গাংনীর ৫ ইটভাটায় ২ লাখ ৭০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীর ৫টি ইটভাটা থেকে ২ লাখ ৭০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান এ অভিযান পরিচালনা করেন। সড়কে মাটি ফেলে জন দুর্ভোগ সৃষ্টি করায় এ জরিমানা আদায় করা হয়। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, অভিযানের শুরুতে গাংনী থানা সড়কে দু’টি ইটভাটার সামনের পিচঢালা সড়ক কাদায় পরিণত লক্ষ্য করেন ভ্রাম্যমাণ আদালত। এ অপরাধের দায়ে আস্থা বিক্সস মালিক স্বপনের কাছ থেকে ৩০ হাজার ও দোয়েল বিক্সসের মালিক রুহুল আমিনের কাছ থেকে ৬০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

পরে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের অভিযান পরিচালনা কেও ভ্রাম্যমাণ আদালতের দলটি। অভিযানে একই অপরাধের দায়ে বামন্দীর বাজারে পাশে এনএএসবি ব্রিক্সের মালিক আওয়াল হোসেনের কাছ থেকে ৫০ হাজার, লিটন হোসেনের এমএসআরএফএল ব্রিক্সস থেকে ৬০ হাজার ও চঞ্চল হোসেনের বিশ্বাস ব্রিক্সস থেকে ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালতকে বামন্দি ফায়ার সার্ভিস ইউনিট ও গাংনী থানা

মেপ্র/ইএম

কোটচাঁদপুরে বৈদেশিক কর্মসংস্থানের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০ টায় উপজেলা প্রশাসনের আয়োজনে ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের সহযোগিতায় স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা কর্মসংস্থান ও জনশক্তি প্রশিক্ষণ ব্যুরোর সহকারি পরিচালক সমিতা রানী মজুমদার। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) মোঃ রুস্তম আলী, কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসিরসহ কোটচাঁদপুর উপজেলায় কর্মরত বিভিন্ন পত্রিকার সাংবাদিকবৃন্দ।

সংবাদ সম্মেলনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয় কর্তৃক ১৬টি দেশে পুরুষকর্মী প্রেরণের অভিবাসন ব্যয় এবং স্থানীয় জেলা প্রশাসকের কার্যালয়ে মালয়েশিয়া, সৌদি আরব ও কাতারের ভিসা পরিক্ষার বিষয়ে অবগত করা হয়। সেই সাথে হয়রানি বন্ধ করতে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানের ডাটাবেজ তৈরী করা হয়েছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

মেহেরপুরে জাতীয় ভোটার দিবস পালিত

বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্যে দিয়ে মেহেরপুরে জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে। গতকাল সোমবার সকালে সভা ও শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।
জেলা নির্বাচন অফিসার আহমেদ আলীর সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: আতাউল গনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার হাসিবুল আলম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: মাসুদুল আলম। বক্তব্য রাখেন উপজেলা নির্বাচন অফিসার কবির হোসেন। এর আগে জাতীয় ভোটার দিবস উপলক্ষে একটি শোভাযাত্রা বের করা হয়।

জেলা প্রশাসক আতাউল গনির নেতৃত্বে জেলা শিল্পকলা একাডেমির সামনে থেকে শুরু করে শোভাযাত্রাটি বাদ্যের তালে তালে প্রধান সড়ক অতিক্রম করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়।

শোভাযাত্রা অন্যদের মধ্যে জেলা নির্বাচন অফিসার আহমেদ আলী, উপজেলা নির্বাচন অফিসার কবির হোসেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম সহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা- কর্মচারী অংশগ্রহণ করেন।

মেপ্র/আরজেএম

মেহেরপুরে রোভার মুট ২০২০ অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউট মেহেরপুর জেলা রোভার মুজিববর্ষে রোভারিং সুনাগরিক প্রতিদিন মুজিব বর্ষ জেলা রোভার মুট ২০২০ এর আয়োজন করা হয়েছে।

গতকাল সোমবার বিকেলে মেহেরপুর সরকারি কলেজ মাঠে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর সরকারি কলেজ এর প্রফেসর মো: শফিউল ইসলাম সরদার এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা রোভার কমিশনার মো: রফিকুল ইসলাম, মেহেরপুর জেলা রোভার সহ-সভাপতি মো: নুরুল আহমেদ, কোষাধক্ষ্য হাজী রমজান আলী, সম্পাদক ফররুখ আহমেদ।

অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডি আর এস এল মোহাম্মদ আনোয়ার হোসেন, সহ কমিশনার মো: রফিকুল আলম বকুল, মো: একরামুল আজিম ও মো: আব্দুল কাদের এবং মো: মনারুল ইসলাম প্রমুখ।

উল্লেখ্য বিভিন্ন প্রতিষ্ঠানের রোভার এবং গার্ল ইন রোভার গণ সেখানে উপস্থিত ছিলেন।

মেপ্র/আরজেএম

মেহেরপুরের কুতুবপুরে ইউনিয়ন তাঁতীলীগের কর্মী সমাবেশ

কুতুবপুর ইউনিয়ন তাঁতী লীগের উদ্যোগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে৷

সোমবার সন্ধ্যায় কুতুবপুর মডেল ক্লাবের সামনে এই কর্মী সমাবেশের আয়োজন করা হয়৷

সমাবেশে সভাপতিত্ব করেন কুতুবপুর ইউনিয়ন তাঁতী লীগের সভাপতি আরিফুর রহমান।

সমাবেশে বক্তব্য দেন কুতুবপুর ৪ নম্বর ওয়ার্ডের সাবেক মেম্বার আব্দুল আওয়াল, সাবেক ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন মজনু, কুতুবপুর ৪ নম্বর ওয়ার্ড তাঁতী লীগ সভাপতি আজিজুল হক, সাধারণ সম্পাদক আব্দুল কুদ্দুস।

বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নের দিক তুলে ধরে বক্তারা বলেন, বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল এমপি মহোদয়ের নেতৃত্বে মেহেরপুরে বইছে উন্নয়নের জোয়ার৷

উন্নয়নের ধারা অব্যাহত রাখতে ও মেহেরপুরে সুস্থ ধারার রাজনীতি প্রতিষ্ঠিত করতে ফরহাদ হোসেনর সঙ্গে থাকার আহ্বান জানান নেতা কর্মীরা৷

এছাড়াও ঐক্যবদ্ধ থেকে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার প্রত্যয় ব্যাক্ত করেন।

সভা সঞ্চালনা করেন ইউনিয়ন তাঁতীলীগের সাধারণ সম্পাদক সাজেদুল ইসলাম।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ডিবি পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩৫ বোতল ফেন্সিডিলসহ পিন্টু আলী নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে৷

সোমবার মুজিবনগর উপজেলার বিশ্বনাথপুর গ্রাম থেকে তাকে আটক করে জেলা গোয়েন্দা কার্যালয়ে নিয়ে আসা হয়৷

আটক পিন্টু আলী আনন্দবাস গ্রামের কায়দার আলীর ছেলে৷

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন৷

এ বিষয়ে মুজিবনগর থানা একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে৷

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ফেন্সিডিলসহ একজন আটক

মেহেরপুরে ৩ বোতল ফেন্সিডিল সহ হাফিজুল নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।
রবিবার গাংনীর করমদী গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক হাফিজুল করমদী গ্রামের মৃত আজিজুল ইসলামের ছেলে।
জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন৷
এ বিষয়ে মাদক নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা প্রস্তুতি চলছে৷
মেপ্র/এমএফআর

মহেশপুর হাসপাতালে স্বাস্থ্যসেবা ভেঙ্গে পড়েছে ফার্মেসিটি ও ষ্টোর কিপার না থাকায়

ঝিনাইদহের মহেশপুর ৫০শয্যা স্বাস্থ্য কেন্দ্রে দীর্ঘদিন ধরে ফার্মেসিটি ও ষ্টোর কিপার না থাকায় স্বাস্থ্যসেবা ভেঙ্গে পড়েছে। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা অসহায়ত্ব প্রকাশ করেছেন।